

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, মে ১৪, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা-১

প্রজ্ঞাপন

তারিখঃ ২৯ বৈশাখ ১৪২১ বাঃ/ ১২ মে ২০১৪ খ্রিঃ

নং গংম/পরি-১(১২)/২০০৭ (অংশ-২)/৭৭—খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ (কেডিএ) এর নিয়ন্ত্রণাধীন এলাকা উভরে নওয়াপাড়া পৌরসভা, দক্ষিণে কাটাখালী, পূর্বে ঝুপসা উপজেলা, পশ্চিমে কৈয়া বাজার পর্যন্ত বিস্তৃত। এই বিস্তৃত এলাকার মধ্যে খুলনা সিটি কর্পোরেশন এলাকা, নওয়াপাড়া পৌরসভা এলাকা, খানজাহান আলী থানা (আংশিক), ডুমুরিয়া থানা (আংশিক), বটিয়াঘাট থানা (আংশিক), ঝুপসা উপজেলা (আংশিক), ফকিরহাট উপজেলা (আংশিক), দিঘলিয়া উপজেলা (আংশিক), ফুলতলা উপজেলা (আংশিক) নিয়ে মোট ১৮১.১৬ বর্গকিলোমিটার বা ৪৪,৭৬৬.০৬ একর এলাকার ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রণয়ন করা হয়েছে, যা Khulna Development Authority Ordinance, 1961 (Ordinance No.II of 1961) এর section 22 এ প্রদত্ত ক্ষমতাবলে এতদ্বারা প্রকাশ করা হলো।

প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান এর উপর কোন ব্যক্তি/প্রতিষ্ঠানের আপত্তি/মতামত/সুপারিশ থাকলে তা প্রজ্ঞাপন জারীর ৩০ (ত্রিশ) দিনের মধ্যে চেয়ারম্যান, খুলনা উন্নয়ন কর্তৃপক্ষ, খুলনা এর বরাবরে আপত্তি/সুপারিশ দাখিল করার জন্য অনুরোধ করা যাচ্ছে। একই সাথে প্রণীত ডিটেইল্ড এরিয়া প্ল্যান এর উপর জনগণের অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে আগামী ১৪ মে ২০১৪ ইং তারিখ থেকে ১৩ জুন ২০১৪ ইং তারিখ পর্যন্ত ০১(এক) মাসব্যাপি সরকারি ছুটির দিনসহ অফিস চলাকালীন সময়ে গণশুনানী (Public Hearing) ও জনমত গ্রহণের কার্যক্রম কেডিএ অফিস ভবন এর নীচতলায় মিলনায়তনে চলবে।

(১৩৩৮৩)
মূল্য : টাকা ৮.০০

১৩৩৮৪

বাংলাদেশ গেজেট, অতিরিক্ত, মে ১৪, ২০১৮

প্রগৌতি ডিটেইল্ড এরিয়া প্ল্যানের কপি গণশুনানী স্থল কেডিএ ভবনের নীচতলায় অবস্থিত
মিলনায়তনে সংশ্লিষ্ট সকলের পরিদর্শনের জন্য সংরক্ষিত আছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঘ্লা মোহাম্মদ আনিসুজ্জামান
সিনিয়র সহকারী প্রধান।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd